

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩.৯.১৫. সকল ক্ষমতা ঈশ্বরের না যীশুরও ক্ষমতা আছে?

বাইবেলের কোথাও বলা হয়েছে যে, ঈশ্বরের সকল ক্ষমতাই যীশুকে দেওয়া হয়েছে। যোহন লেখেছেন: "পিতা পুত্রকে প্রেম করেন, এবং সমস্তই তাঁহার হস্তে দিয়াছেন।" (যোহন ৩/৩৫)। মথির ২৮/১৮ শ্লোকেও একই বলা হয়েছে।

কিন্তু অন্যান্য স্থানে বলা হয়েছে যে, সকল ক্ষমতাই ঈশ্বরের, যীশুর কোনো ক্ষমতাই নেই। ঈশ্বরের সিদ্ধান্তই চূড়ান্ত বিষয়। কাউকে কিছু প্রদানের অধিকার যীশুর নেই। "কিন্তু যাদের জন্য আমার পিতা কর্তৃক স্থান প্রস্তুত করা হয়েছে, তাদের ছাড়া আর কাউকেও আমার ডান পাশে ও বাম পাশে বসতে দেবার আমার অধিকার নেই।" (মথি ২০/২৩, মো.-১৩) মার্কের ১০/৪০ শ্লোকেও একই কথা বলা হয়েছে।

অন্যত্র যীশু বলেছেন যে, কাউকে হেদায়াত করা বা কাছে টানার ক্ষমতাও তাঁর নেই। ঈশ্বর টেনে নিয়ে না গেলে কেউই যীশুর কাছেও যেতে পারে না: "আমার পিতা, যিনি আমাকে পাঠিয়েছেন তিনি টেনে না আনলে কেউই আমার কাছে আসতে পারে না।" (যোহন/ইউহোলা ৬/88, মো.-০৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14097

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন